

শিক্ষা খাত অস্থিতিশীল করার ষড়যন্ত্র চলছে

মতবিনিময়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সূত্রে মতবিনিময়কালে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতারা বলেছেন, সরকার ও দেশের উন্নয়নকে বাধাগ্রস্ত করতে শিক্ষা খাতকে অস্থিতিশীল করার গভীর ষড়যন্ত্র চলছে। একটি শ্রেণী সূকৌশলে এ কাজগুলো করছে। সরকারের নীতি নির্ধারণী মহল বিষয়টি যত দ্রুত বুঝতে পারবে, তাদের জন্য উত্তমই মঙ্গল। তা না হলে বড় ক্ষতি হয়ে যেতে পারে।

গোববার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল প্রাধ্যক্ষ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় শিক্ষক নেতারা এ উদ্বেগের কথা জানান। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ, মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল, শিক্ষক নেতা অধ্যাপক ড. এজেডএম শফিউল আলম ফুইয়া, ঢাবি সাংবাদিক সমিতির সভাপতি আসিফুর রহমান, সাধারণ সম্পাদক লালন মাহমুদসহ বিভিন্ন গণমাধ্যমের কর্মীরা।

শিক্ষক নেতারা বলেন, প্রধান তিনটি বিষয় নিয়ে ষড়যন্ত্রকারীরা সাহনে এগোচ্ছে। সেগুলো হল— অষ্টম বেতন স্কেলের মাধ্যমে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অসম্মান করা, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ডাট চাপিয়ে দেয়া এবং প্রাইমারি শিক্ষকদের সঙ্গে বৈষম্য। ষড়যন্ত্রকারীরা মনে করছে, এ তিনটি বিষয় নিয়ে কাজ করলে দেশ অস্থিতিশীল করা সম্ভব। তাই তারা শিক্ষা খাতকেই প্রধান হাতিয়ার হিসেবে বেছে নিয়েছে।